# সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ

প্রশিক্ষণের বিষয়: সেবা প্রদানকারী ই-প্লাটফর্ম সম্পর্কিত প্রশিক্ষণ ও অনুশীলন।

সময় : দুপুর ১.৩০ ঘটিকা হতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত (০৩ ঘন্টা ব্যাপী)

তারিখ : ১৯/০৫/২০২২ খ্রি:

**প্রশিক্ষণের সারাংশ:**

(ক) সংশ্লিষ্ট বিষয়ের অন্তর্ভূক্ত অংশঃ সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর আওতাধীন সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণের আওতায় অত্র প্রশিক্ষণটি অনুষ্ঠিত হচ্ছে বলে প্রশিক্ষণার্থীদের অবহিত করেন। তিনি জানান যে, বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ রূপকল্পের আওতায় সরকারি সকল সেবা ডিজিটাল করার কার্যক্রম চলমান আছে। এই কার্যক্রমের অন্যতম হচ্ছে ই- প্ল্যাটফর্ম যেখানে সরকারি সকল সেবার তথ্য, সেবা পাবার পদ্ধতি, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বাধ্য-বাধকতা, দায়িত্ব পালনে ব্যর্থ হলে তাঁর প্রতিকার পদ্ধতি ইত্যাদি একটি ছাতার নীচে আনার চেষ্টা করা হচ্ছে। এই ছাতাটি হচ্ছে ই-গভর্ন্যান্স। এটাই বাংলাদেশ সরকারের ই- প্ল্যাটফর্ম। এই প্লাটফর্মটি ইন্টারনেট সেবার মাধ্যমে জনগণের কাছে সহজলভ্য করা হয়েছে। তথ্য বাতায়নের ওয়েবসাইটের মাধ্যমে প্রতিটি দপ্তরের কার্যক্রম ওয়েবসাইটে দেয়ার ব্যবস্থা করা হয়েছে। জনগণ ইন্টারনেটের মাধ্যমে কেবলমাত্র ক্লিক করে সকল তথ্য দেখতে ও জানতে পারছেন। প্রয়োজনীয় কপি প্রিন্ট করে নিতে পারছেন। সরকারি সকল নথি ই-নথি করা হয়েছে। ফলে নথি/ফাইল হারিয়ে যাওয়ার কোন সুযোগ নাই। জনগণ ইলেকট্রনিক মাধ্যমে সেবার ব্যাপারে তাঁদের অভিযোগ জানাতে পারছেন GRS ওয়েবসাইটের মাধ্যমে। প্রতিটি মন্ত্রণালয় ও তাদের অধিভুক্ত সংস্থাসমূহের উন্নয়ন কর্মকান্ড তাদের ওয়েবসাইটের সেবাবক্সে বাধ্যতামূলকভাবে হালনাগাদ করার জন্য নির্দেশনা রয়েছে এবং তদানুযায়ী কার্যক্রম চলমান আছে বলে সিনিয়র প্ল্যানার উল্লেখ করেন। সুশাসন এবং জবাদিহিতা নিশ্চিত করার ক্ষেত্রে এই ই-প্ল্যাটফর্ম যুগান্তকারী ও অত্যন্ত আধুনিক বলে সিনিয়র প্ল্যানার প্রশিক্ষণার্থীদের অবহিত করেন। অতঃপর তিনি ই-প্ল্যাটফর্মের আওতায় ই-নথি, তথ্য বাতায়নের ওয়েবসাইট, সেবাবক্স, GRS ইত্যাদি ই-কার্যক্রম সমূহ ইন্টারনেট ব্যবহার করে প্রশিক্ষণার্থীদের সরেজমিনে দেখান।

(খ) প্রশিক্ষণার্থীদের মতামত/প্রতিক্রিয়াঃ প্রশিক্ষণার্থীরা ডিজিটাল ই-প্ল্যাটফর্ম সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করেন।

(গ) শাখা প্রধানের বক্তব্যঃ এ ট্রেনিং এর মাধ্যমে সরকারি সংস্থার কাজ কিভাবে বেগবান ও জনগণের কাছে সহজলভ্য করা হয়েছে সে সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করেন।

Shaheen Ahmed

(শাহীন আহম্মেদ) 19/05/2022

সিনিয়র প্ল্যানার

নগর উন্নয়ন অধিদপ্তর

সিলেট আঞ্চলিক অফিস, সিলেট।

# উপস্থিতি তালিকা

প্রশিক্ষণের বিষয়: সেবা প্রদানকারী ই-প্লাটফর্ম সম্পর্কিত প্রশিক্ষণ ও অনুশীলন।

সময় : দুপুর ০১.৩০ ঘটিকা হতে বিকাল ০৪.৩০ ঘটিকা পর্যন্ত (০৩ ঘন্টা ব্যাপী)

তারিখ : ১৯/০৫/২০২২ খ্রি:

প্রশিক্ষণ প্রদানকারীর নাম ও পদবী: জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার

| ক্র. নং | নাম | পদবী | প্রশিক্ষণার্থীর স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া 19/5/2022 |
| ২। | জনাব মোঃ নূরুজ্জামান ভূইয়া | রেখাকার | [signature] 19/05/2022 |
| ৩। | জনাব মোঃ রুবেল হোসেন | সার্ভেয়ার | [signature] 19/05/2022 |
| ৪। | জনাব আমির হামজা | খালাসী | আমির |

Shaheen Ahmed 19/05/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট